

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৬

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৬২. আদম সন্তানের জন্য যদি সম্পদে পরিপূর্ণ দু'টি উপত্যকাও থাকে

باب لَوْ كَانَ لِابْنِ آدَمَ وَادِيَانِ مِنْ مَالٍ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ قَالَ كُنْتُ أَسْمَعُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَا أَدْرِي أَشَيْءٌ أُنْزِلَ عَلَيْهِ أَمْ شَيْءٌ يَقُولُهُ وَهُوَ يَقُولُ لَوْ كَانَ لِابْنِ آدَمَ وَادِيَانِ مِنْ مَالٍ لَابْتَغَى إِلَيْهِمَا ثَالِثًا وَلَا يَمْلَأُ جَوْفَ ابْنِ آدَمَ إِلَّا التُّرَابُ وَيَتُوبُ اللَّهُ عَلَى مَنْ تَابَ

বাংলা

২৮১৬. আনাস ইবনু মালিক রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আমি জানি না সেটি তাঁর উপর নাযিল হয়েছিল, নাকি তিনি নিজের থেকেই তা বলেছেন। তিনি বলেনঃ “যদি বানী আদমের স্বর্ণ ভরা দু'টি উপত্যকা থাকে, তথাপি সে এ দু'টির সাথে তৃতীয় উপত্যকা থাকার কামনা করবে। আর আদম সন্তানের পেট মাটি ব্যতীত অন্য কিছুতেই ভরবে না। তবে যে ব্যক্তি তওবা করবে, আল্লাহ তার তওবা কবুল করবেন।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, রিকাব ৬৪৩৯; মুসলিম, যাকাত ১০৪৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৮৪৯, ২৮৫৮, ২৯৫১, ৩০৬৩, ৩১৪৩, ৩২৬৬, ৩২৬৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৩২৩৫, ৩২৩৬ তে।

এর শাহিদ রয়েছে জাবির রাযিয়াল্লাহু আনহু হতে মুসনাদুল মাউসিলী নং ১৮৯৯, ২৩০৩, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩২৩২, ৩২৩৩, ৩২৩৪ তে।

এর শাহিদ রয়েছে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে মুসনাদুল মাউসিলী নং ২৫৭৩ আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩২৩১ তে।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে হাদীস রয়েছে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৪৬০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83101>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন